তোরা  শুনিস নি কি শুনিস নি তার পায়ের ধ্বনি,
  ওই যে   আসে, আসে, আসে ।
যুগে যুগে পলে পলে দিনরজনী
  সে যে    আসে, আসে, আসে ।
গেয়েছি গান যখন যত   আপন-মনে খ্যাপার মতো
সকল সুরে বেজেছে তার আগমনী—
  সে যে    আসে, আসে, আসে ॥
কত কালের ফাগুন-দিনে বনের পথে
  সে যে     আসে, আসে, আসে ।
কত শ্রাবণ অন্ধকারে মেঘের রথে
  সে যে     আসে, আসে, আসে ।
দুখের পরে পরম দুখে,  তারি চরণ বাজে বুকে,
  সুখে কখন বুলিয়ে সে দেয় পরশমণি ।
সে যে     আসে, আসে, আসে ॥

---